



ঢাকা কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের সামনে শিক্ষার্থীদের মানববন্ধন ও বিকোভ মিছিল

ঢাকা কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে আলটিমেটাম

■ সমকাল প্রতিবেদক
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গভুক্ত ঢাকা কলেজকে পূর্ণাঙ্গ স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয় ঘোষণার দাবিতে সরকারকে সাত দিনের সময় বেঁধে দিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন, বিকোভ মিছিল ও সমাবেশ কর্মসূচি পালন করে এ

আলটিমেটাম দেন তারা। আলটিমেটামের মধ্যেই দাবি বাস্তবায়নে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে স্মারকলিপিও দিয়েছেন শিক্ষার্থীরা।
প্রত্যক্ষদর্শীরা জানান, পাবলিক বিশ্ববিদ্যালয় ঘোষণার দাবিতে সকালে ঢাকা কলেজের শত শত শিক্ষার্থী জাতীয় প্রেস ক্লাবের সামনের রাস্তায় জড়ো হন। সেখানে পূর্বঘোষণা অনুযায়ী মানববন্ধন ও সমাবেশ করেন তারা। পরে একটি মিছিলও প্রেস ক্লাবের সামনের সড়ক প্রদক্ষিণ করে। এর আগে রাস্তায় গুয়ে প্রোগানে প্রোগানে নিজেদের দাবির কথা জানান তারা।

বিকোভ প্রদর্শন করার সময় শিক্ষার্থীদের হাতে 'এক দফা এক দাবি, ঢাকা কলেজকে বিশ্ববিদ্যালয় করতে হবে', 'রক্ত চাই রক্ত দিব, তবুও বিশ্ববিদ্যালয় আদায় করব' প্রভৃতি প্রোগান সংবলিত প্ল্যাকার্ড দেখা গেছে।
এ সময় প্রায় দুই ঘণ্টা প্রেস ক্লাবের সামনের সড়ক দিয়ে যান চলাচল বন্ধ হয়ে যায়। ফলে পল্টন ও হাইকোর্টসহ আশপাশের সড়কগুলোতে তীব্র যানজটের সৃষ্টি হয়।

মানববন্ধনে শিক্ষার্থীরা জানান, আগামী ১০ মার্চের মধ্যে ঢাকা কলেজকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের ঘোষণা দিতে হবে। তা না হলে আন্দোলন অব্যাহত থাকবে।